

মাননীয় চেয়ারম্যান এর

## শুভেচ্ছা বার্তা

বিসমিল্লাহির রাহমানির রাহিম  
সম্মানিত শেয়ার হোল্ডারবৃন্দ,  
আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

অদ্যকার ২৬তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের জানাই আমার আন্তরিক শুভেচ্ছা। আজকের বার্ষিক সাধারণ সভায় ২০১৫-২০১৬ হিসাব বর্ষের কোম্পানীর আর্থিক অবস্থা ও অগ্রযাত্রার মূল্যায়ন পেশ করতে পেরে মহান আল্লাহ তায়ালার নিকট জানাই আমার অশেষ কৃতজ্ঞতা।


আলোচ্য বৎসরটিতেও প্রায় সারা বছরব্যাপী ইউরোপীয় অর্থনৈতিক মন্দা ও আর্ন্তজাতিক বাজারে চামড়ার মূল্য পতন অব্যাহত ছিল। কোম্পানীর টার্নওভার এর পরিমাণ ছিল ৮৪,২৪,১১,৫৪৬.০০ মাত্র।

সাভার শিল্প নগরীতে কারখানা স্থানান্তর ও উৎপাদন কার্য পরিচালনার প্রয়োজনে আমরা গত বৎসর হতেই নির্মাণ কাজ আরম্ভ করেছি। অর্থনৈতিক সংকটে সেখানকার কার্যক্রম আশানুরূপ গতি পাচ্ছে না। নির্মাণ কাজ সমাপ্ত করতে এখনও আমাদের বৃহৎ পরিমাণ অর্থের প্রয়োজন। বর্তমান উৎপাদন উপযোগী শিল্প স্থাপনে, প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ হবে ৳১১,২৬,২০,০০০.০০ (এগার কোটি ছাব্বিশ লক্ষ বিশ হাজার টাকা) মাত্র। প্রস্তাবিত সরকারি অনুদানের পরিমাণ ৳২,২৪,৬১,১৫২.৩৪.০০ (দুই কোটি চব্বিশ লক্ষ একষট্টি হাজার একশত বায়ান্ন এবং পয়সা চৌত্রিশ) মাত্র। এ পর্যন্ত আমরা প্রস্তাবিত অনুদানের ৳১,৩৪,৭৬,৬৯১.০০ (এক কোটি চৌত্রিশ লক্ষ ছিয়ান্ন হাজার ছয়শত একানব্বই টাকা) মাত্র পেয়েছি।

সাভারে আর্ন্তজাতিক মান সম্পন্ন উৎপাদন কার্যক্রম পরিচালনা করতে মূলধনী ও কার্যকরী মূলধন বাবদ আমাদের প্রভূত অর্থের প্রয়োজন। এদিকে বিক্রয়ের গতিও খুবই মসৃণ, তাই ব্যাংক ঋণ নেওয়ার ব্যাপারে আমরা আরো চিন্তা ভাবনা করছি। তাই অভ্যন্তরীণ অর্থায়নে আপনাদের পরামর্শ ও সহযোগিতার প্রয়োজন।

আপনাদের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করে মহান আল্লাহ তায়ালার কাছে অদ্যকার সাধারণ সভার সাফল্য কামনা করছি।

ধন্যবাদ।



মোহাম্মদ মুনসুর আহম্মদ  
চেয়ারম্যান